

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ ফেব্রুয়ারী ২০২২

অমর একুশে বইমেলা পরিষদের আলোচনা সভা

বঙ্গবন্ধু যে স্বপ্ন নিয়ে আমাদের স্বাধীনতা এনে দিয়েছেন

তাঁর সেই স্বপ্ন পূরণে নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে - এম.এ সালাম

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় বঙ্গবন্ধুকে নিবেদিত অমর একুশে বইমেলা ২০২২এর ৮ম দিনের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম জেলা পরিষদ'র চেয়ারম্যান এম.এ সালাম বলেছেন, বিশ্বায়নের এ যুগে জ্ঞান-বিজ্ঞানের সব দরজা মানুষের জন্য খোলা। সময়ের সাথে এগিয়ে যেতে হলে নতুন প্রজন্মকে অত্যন্ত যুক্তিবাদী, দেশপ্রেমিক, পরমতসহিষ্ণু হিসেবে গড়ে তুলতে হবে আগামীদিনের জন্য। এক্ষেত্রে বিতর্ক শক্তিশালী অস্ত্র হিসেবে কাজ করবে। তিনি বলেন, বিতর্ক কোন তর্ক নয়, এটি সত্য উদঘাটনে সাহায্য করে। পৃথিবীতে জঙ্গিবাদী দানব, সাম্প্রদায়িক শক্তি তথ্য ধামাচাপা দেথা ও মিথ্যাচারে লিপ্ত রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে স্বপ্ন নিয়ে আমাদের স্বাধীনতা এনে দিয়েছেন তাঁর সেই স্বপ্ন পূরণে নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে।

দৈনিক সুপ্রভাতের সম্পাদক রুশো মাহমুদ'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন নাট্যজন আহমেদ ইকবাল হায়দার। সভায় আলোচক হিসেবে বক্তব্য রাখেন ন্যাপ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মিঠুন দাশগুপ্ত।

প্রধান বক্তা নাট্যজন আহমেদ ইকবাল হায়দার বলেন, বর্তমান তথ্যপ্রযুক্তি ও ই-বিনোদনের এযুগে কিশোর ও তরুণদের ধ্বংসাত্মক চিন্তা ভাবনা থেকে মুক্ত হয়ে নিজস্ব সৃজনশীলতা বিকাশের সক্ষমতা অর্জন করতে হবে।

সভাপতির বক্তব্যে দৈনিক সুপ্রভাতের সম্পাদক রুশো মাহমুদ বলেন, পৃথিবীতে যত সিদ্ধান্ত নেয়া হয় তার সবটুকুই আলোচনা-সমালোচনা ও বিতর্কের মাধ্যমে নেয়া হয়। প্রত্যেকটি দেশের জাতীয় নেতারা তাদের সংসদে বসে বিতর্কের মাধ্যমে সকল সিদ্ধান্ত নিয়ে থাকে। তাই তোমরা যারা আজকে এখানে বিতর্ক করতে এসেছো তোমাদের বিতর্ককে ধারণ করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনা, বঙ্গবন্ধু ও বাংলাদেশকে ভালবাসতে হবে। এসব কিছুকে ধারণ করে তিনি সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

স্বাগত বক্তব্যে মেলা কমিটির আহ্বায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু বলেন, এবারের মেলায় উৎসবের আমেজ তৈরি হয়েছে। এই আশ্রয়কে ধরে রাখতে হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আগামীকালের অনুষ্ঠানসূচি 'বিদ্রোহী কবিতার শতবর্ষ উদযাপন'।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩